গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
www.mowr.gov.bd

পানি সম্পদ মন্ত্রণালয়ের আগস্ট, ২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	৩১ আগস্ট ২০২১ খ্রি:
সভার সময়	বেলা ১১.০০ টায়
স্থান	মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

২। সভাপতি উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

ক্র. ন.	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ে
১	২	৩	৪	৫
০১.	গত সমন্বয় সভার কার্যবিবরণী অনুমোদন।	গত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন সংক্রান্ত বিবরণীতে শাখা, অধিশাখা কিংবা সংস্থাসমূহের কোন সংশোধনী বা দ্বিমত আছে কি না তা উপস্থাপনের জন্য অনুরোধ করা হলে কোন সংশোধনীর প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।	গত সভার কার্যবিবরণী গৃহীত করা হ'ল।	প্রশাসন-০ শাখা, পাসম।
০২.	Time bound প্রতিবেদন প্রেরণ।	মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ও প্রধানমন্ত্রীর দপ্তরসহ অন্যান্য মাসিক, ত্রৈমাসিক ও Time bound বিভিন্ন প্রতিবেদন ও তথ্য মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগসহ অন্যান্য মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করা হচ্ছে। এ বিষয়ে সভাপতি মহোদয় যথাসময়ে সকল প্রতিবেদন প্রেরণের জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন।	Time bound অনুযায়ী বিভিন্ন প্রতিবেদন ও তথ্য যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	প্রশাসন-০ শাখা, পাসম।

০৩.	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোচনা।	এ বিষয়ে অতিরিক্ত সচিব(প্রশাসন) সভাকে অবহিত করেন, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পের সংখ্যা মোট ৫১টি। এর মধ্যে সমাপ্ত প্রকল্পের সংখ্যা ৩৭টি, বাস্তবায়ন চলমান প্রকল্পের সংখ্যা ৮টি এবং প্রকল্পের ডিপিপি অনুমোদন প্রক্রিয়াধীন এরূপ প্রকল্পের সংখ্যা ০৪টি, সমীক্ষা সমাপ্তির পর ডিপিপি প্রণীত হবে এরূপ প্রকল্প ০১টি, অন্য মন্ত্রণালয় কর্তৃক কার্যক্রম গৃহিত ০১টি প্রকল্প। তিনি আরো জানান, প্রকল্পের ডিপিপি অনুমোদন প্রক্রিয়াধীন এরূপ ৪টি প্রতিশ্রুতি বাস্তবায়নের স্বার্থে বাপাউবো থেকে ৩টি প্রকল্প প্রণয়ন করা হয়েছে। প্রকল্প যাচাই সভার কার্যবিবরণীর আলোকে পুনর্গঠিত ডিপিপি গত ২৮-০৪-২০২১ তারিখে বাপাউবো থেকে মন্ত্রণালয়ে দাখিল করা হয়েছে। এ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর নির্দেশনার আলোকে প্রকল্পভুক্ত কিছু অঙ্গের নকশা রিভিউ করা হচ্ছে।	(ক) প্রকল্পসমূহ যথাসময়ে বাস্তবায়নে বাপাউবো এবং মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। (খ) বাপাউবো কর্তৃক দাখিলকৃত ০৩টি প্রকল্পের পুনর্গঠিত ডিপিপির বিষয়ে মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।	উন্নয়ন-০ শাখা, পরিকল্প উইং, পাসম ও বাপাউবে
০৪.	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন বিষয়ে আলোচনা।	সভায় সভাপতি বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়ন করা হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পানি সম্পদ মন্ত্রণালয় সংশ্লিষ্ট ০২টি নির্দেশনা রয়েছে। (ক) তিস্তা ব্যারেজের উপরিভাগে বাংলাদেশের অভ্যন্তরে তিস্তা নদীর ১৬ কিলোমিটার এলাকা খনন করার জন্য বাংলাদেশ সরকারের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের জন্য আলাদাভাবে একটি প্রকল্প গ্রহণ করতে হবে (খ) ব্রহ্মপুত্র নদী খনন। সভাপিত, এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত্ব নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন।	পানি সম্পদ মন্ত্রণালয় সংশ্লিষ্ট মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন ত্বরান্বিত করতে হবে।	বাপাউবে এবং সংশ্লিষ্ট শাখা, পাসম

০৫.	বার্ষিক কার্য সম্পাদন চুক্তি।	অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, বার্ষিক কার্য সম্পাদন চুক্তি ২০২০-২০২১ অর্থ বছরের চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। এর প্রেক্ষিতে ২৫/০৮/২০২১ তারিখের মন্ত্রিপরিষদ বিভাগে মূল্যায়ন সভা অনুষ্ঠিত হয়। ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নাধীন আছে।	২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী কার্য সম্পাদন করতে হবে।	প্রোগ্রামা পাসম ও সংশ্লিষ্ট সংস্থা।
০৬.	মন্ত্রণালয় ও সংস্থাসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণ, ই-ফাইলিং চালুকরণ, ভিডিও কনফারেন্সের ব্যবস্থা গ্রহণ।	সভায় এ মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট জানান, মন্ত্রণালয়ের সকল শাখা, অধিশাখায় ই-নথি কার্যক্রম চলমান রয়েছে। এটুআই কর্তৃক ই-নথি সিস্টেম আপগ্রেডেশন এবং সার্ভার পরিবর্তনের কাজ চলমান রয়েছে। তাছাড়া সংস্থাসমূহের নতুন দপ্তর সমূহকে ই-নথি সিস্টেমে অন্তর্ভূক্ত করতে আরো ৫-৬ মাস সময় লাগতে পারে বলে এটুআই কর্তৃপক্ষ মৌখিকভাবে জানিয়েছেন। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক মন্ত্রণালয় এবং সংস্থাসমূহের ওয়েবসাইটে সেবাবক্সগুলো হালনাগাদ করা হচ্ছে। এছাড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইটে কর্মকর্তাগণের তথ্যসহ অন্যান্য তথ্যসমূহ হালনাগাদ রয়েছে।	(ক) সকল শাখা, অধিশাখা এবং সংস্থাসমূহের নথিসমূহের কার্যক্রম ই-নথিতে সম্পাদন করতে হবে। ই-নথির পাশাপাশি গুরুত্বপূর্ণ নথিসমূহ হার্ড নথিতেও সম্পাদন ক রতে হবে। (খ) মন্ত্রণালয়ের আইসিটি শাখা সংস্থাসমূহের ওয়েবসাইট হালনাগাদ করণের বিষয়টি মনিটরিং করবেন।	সকল সংস্থা প্রধান/ সকল অধিশাখ শাখা এবং আইসিটি শাখা,
০৭.	মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহের শাখাওয়ারী অনিষ্পন্ন কার্যাবলি পর্যালোচনা।	মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহের শাখাওয়ারী অনিষ্পন্ন কার্যাবলি নিয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, মন্ত্রণালয়ের শাখা, অধিশাখা ও সংস্থাসমূহের অনিষ্পন্ন কার্যাবলীর চলমান ধারা অব্যাহত আছে। সভায় সিস্টেম এনালিস্ট জানান, সংস্থাপ্রধানগণকে ই-নথির ড্যাস বোর্ডের উপর অর্ধদিবস ব্যাপী প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে এটুআই এর সাথে আলোচনা হয়েছে। চলতি অর্থবছরের সেপ্টেম্বর/অক্টোবরের মধ্যে ই-নথি সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা যাবে বলে এটুআই জানিয়েছে। ইতোমধ্যে ই-নথির নতুন সংযোজিত বৈশিষ্টসমূহ এবং ই-নথির নতুন ভার্সন অবহিতকরণের লক্ষ্যে জেআরসিতে ৯ জুন, ২০২১ তারিখে ১(এক) দিনের প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।	(ক) মন্ত্রণালয়ের সকল অধিশাখা, শাখা ও সংস্থাসমূহের চলমান ধারা অব্যাহত রাখতে হবে। (খ) সংস্থাপ্রধানগণের ই-নথি সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	(ক) সকল অধিশাখ শাখা পাসম ও সকল সংস্থা। (খ) আইসি শাখা, পাসম ও সকল সংস্থা।

০৮.	উন্নয়ন প্রকল্প পরিদর্শন।	অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, পানি সম্পদ মন্ত্রণালয়ের জেলা ভিত্তিক অধিকাংশ ফোকাল পয়েন্ট কর্মকর্তা উন্নয়ন প্রকল্পসমূহ পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করেছেন। নদ-নদীর স্বাভাবিক পানি প্রবাহ অব্যাহত রাখা, এর নাব্যতা ও দূষণ রোধ এবং এ সংশ্লিষ্ট অবকাঠামোগত সুযোগ-সুবিধা, নকশা প্রণয়ন, নির্মাণ/পুন:নির্মাণ প্রভৃতি বিষয়ে চলমান উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের উদ্ভূত সমস্যাদির হালনাগাদ তথ্যাদি ৩১/০৭/২০২১ তারিখের মধ্যে প্রেরণের জন্য নয় (০৯) জোনের প্রধান প্রকৌশলীগণ কে পত্র প্রেরণ করা হয়েছিল। ইতোমধ্যে প্রধান প্রকৌশলী রাজশাহী, খুলনা, বরিশাল, কুমিল্লা তথ্যাদি প্রেরণ করেছেন। অবশিষ্ট তথ্যাদি পাওয়া গেলে আন্ত:মন্ত্রণালয় সভা আহ্বান করা যেতে পারে। এপর্যায়ে জনাব নাজমুল ইসলাম ভূইয়া, উপসচিব (উন্নয়ন-৩) বলেন, নরসিংদী জেলার পুরাতন ব্রহ্মপুত্র নদীর চরনগরদী নামক স্থানে প্রস্ততা সংকুচিত করে একটি কালভাট নির্মাণ করা ফলে নদী খননে সমস্যা সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে সংশ্লিষ্টদের নিয়ে সভা করা প্রয়োজন। সভাপতি মহোদয় বিষয়টি অতিরিক্ত সচিব (উন্নয়ন) কে সমন্বয় করে সমাধানের জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়া মাঠ পার্যায়ে গিয়ে প্রকল্প পরিদর্শনের নির্দেশনা প্রদান করেন।	(ক) জেলাভিত্তিক ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ সংশ্লিষ্ট জেলার চলমান ও সমাপ্ত প্রকল্পসহ অন্যান্য প্রকল্পসমূহ দ্রুত পরিদর্শন পূর্বক প্রতিবেদন দাখিল করবেন। (খ) পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ যথাযথ বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে নিয়ে একটি আন্ত:মন্ত্রণালয় সভা আহ্বানের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।	(ক) সংশ্লি কর্মকর্তা পাসম ও মহাপরিচাল বাপাউবে (খ) উপসচি (পরিবীক্ষণ বাস্তবায়ন শাখা), পাসম।
০৯.	পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বাপাউবো'র অব্যবহৃত জমিতে কর্মকর্তা ও কর্মচারিদের আবাসিক ভবন নির্মাণ।	'বাপাউবোর ঢাকাস্থ নিজস্ব কম্পাউন্ডে আবাসিক ভবনসহ অন্যান্য স্থাপনা নির্মাণ" শীর্ষক প্রকল্প এবং বাপাউবো কর্তৃক প্রস্তাবিত "বাপাউবো'র অব্যবহৃত জমিতে কর্মকর্তা/কর্মচারীদের জন্য আবাসিক ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্পের প্রণীতব্য ডিপিপির Proforma for Feasibility Study কার্যক্রম চলমান আছে।	প্রণীতব্য ডিপিপির Proforma for Feasibility Study কার্যক্রম দ্রুত শেষ করতে হবে।	পরিকল্প উইং ও বাপাউবে

১০.	সংস্থাসমূহের মামলা সংক্রান্ত।	সভায় মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের মামলাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের স্বার্থ সংশ্লিষ্ট আপীল বিভাগে ৩৯টি, হাইকোর্ট বিভাগে ৬৪৬টি ও নিম্ন আদালতসমূহে ৩,৬৩৪টি সহ মোট ৪,৩১৯টি মামলা বিচারাধীন রয়েছে। নদী গবেষণা ইনস্টিটিউটের মামলার সংখ্যা ১৪টি এবং বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের মামলার সংখ্যা ০৩টি সহ সর্বমোট মামলার সংখ্যা ৪,৩৩৬টি। মামলাসমূহ নিষ্পত্তির বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ অব্যাহত রয়েছে। তছাড়া বোর্ডের স্বার্থ-সংশ্লিষ্ট আদালতে বিচারাধীন ও নিস্পত্তিকৃত মামলাসমূহের তথ্যাদি স্বয়ংক্রিয়করণের (Automation) লক্ষ্যে একটি ডাটাবেইজ সফটওয়্যার তৈরীর কাজ কেন্দ্রীয় আইসিটি সেল, বাপাউবো-তে প্রক্রিয়াধীন আছে। কুয়াকাটা রেস্টহাউসের সাথে সম্পৃক্ত দেওয়ানী মামলা নং-১৮৩/২০১৮ এর পরবর্তী শুনানীর ধার্যদিন : ০৭/১০/২০২১ (কঠোর লকডাউন থাকায় গত ২৬/০৭/২০২১ তারিখের ধার্যদিন শুনানী হয়নি।	ক) মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং যে সকল ব্যক্তি বাপাউবো'র জায়গা দখল করে আছে তাঁদের উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) মামলাসমূহের পূর্ণাঙ্গ প্রতিবেদন (Break up) প্রদান করতে হবে। (গ) নগই ও হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ঘ) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মামলাসমূহের হালনাগাদ তথ্য প্রণীত ডেটাবেজ সফটওয়্যারে আপলোড করতে হবে।	মহাপরিচাল বাপাউবে নগই, বাহাজউ আইন শাখা, পাসম।
১১.	সংস্থাসমূহের কর্মকর্তা/ কর্মচারীদের বিরুদ্ধে বিভাগীয় মামলা সংক্রান্ত তথ্য প্রদান।	এ পর্যায়ে সভাপতি মহোদয় বলেন, সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীদের কতজনের বিরুদ্ধে বিভাগীয় মামলা রয়েছে, বিভাগীয় মামলা কি অবস্থায় আছে, কতজন শাস্তি পেয়েছে এবং কতজন খালাস পেয়েছে এ সংক্রান্ত তথ্য (শাস্তি ও খালাস পাওয়ার কারণ উল্লেখসহ) প্রেরণের নির্দেশনা প্রদান করেন।	সংস্থাসমূহের কর্মকর্তা/ কর্মচারীদের কতজনের বিরুদ্ধে বিভাগীয় মামলা রয়েছে, বিভাগীয় মামলা কি অবস্থায় আছে, কতজন শাস্তি পেয়েছে এবং কতজন খালাস পেয়েছে এ সংক্রান্ত তথ্য (শাস্তি ও খালাস পাওয়ার কারণ উল্লেখসহ) প্রেরণ করতে হবে।	সকল সংস্থা প্রধান এবং আইন শাখা, পাসম
১২.	অধিদপ্তর ও সংস্থাসমূহের অডিট আপত্তি নিষ্পত্তিকরণ।	এ প্রসঙ্গে অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, ২০১৮-১৯ অর্থবছরের নিরীক্ষায় পাসম এর উত্থাপিত ৬টি আপত্তির মধ্যে ২টি আপত্তি নিষ্পত্তি হয়েছে। অবশিষ্ট ৪টি আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশীট জবাব পূর্ত অডিট	অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	সকল সংস্থা ও অডিট শাখা, পাসম।

		অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে এবং গৃহীত পদক্ষেপ অবহিত করার জন্য তাগিদপত্র দেয়া হয়েছে। ২০২১-২২ অর্থবছর পর্যন্ত বাপাউবোর ৫১৬৪ টি অডিট আপত্তি রয়েছে। ২০২১-২২ অর্থ বছরে মোট ১৭টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। অনিষ্পন্ন আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে পূর্ত অডিট অধিদপ্তর ও বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তরের চাহিদা অনুযায়ী যথারীতি জবাব প্রদান এবং দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার কার্যক্রম চলমান রয়েছে। নদী গবেষণা ইনস্টিটিউটের ২০২১-২২ অর্থ বছরে মোট ২৩টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। উক্ত আপত্তিসমূহ নিষ্পত্তি লক্ষ্যে পূর্ত অডিট অধিদপ্তর ও বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর চাহিদা অনুযায়ী যথারীতি জবাব প্রদান করা হয়েছে। বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের ২০২১-২২ অর্থ বছর পর্যন্ত মোট ১৪টি (১০টি অগ্রিম+০৪টি সাধারণ) অনিষ্পন্ন অডি অডিট আপত্তি রয়েছে।উক্ত আপত্তিসমূহ নিষ্পত্তি লক্ষ্যে ২০২০-২১ অর্থ বছরে একটি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠত হয়েছে। উক্ত সভায় ৯টি (৫টি অগ্রিম ও ৪টি সাধারণ) অডিট আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়। ২০১৩-২০২০ অর্থ বছরের নিরীক্ষায় ১০টি অনুচ্ছেদ সম্বলিত Audit Inspection Report (AIR) গত ১৪/০৬/২০২১ তারিখে পূর্ত অডিট অধিদপ্তর হতে মন্ত্রণালয়ে পাওয়া গেছে। উক্ত Audit Inspection Report (AIR) এর ব্রডশীট জবাব ২৩/০৭/২০২১ তারিখের ২৫১ স্মারকের মাধ্যমে মন্ত্রণালয় হতে পূর্ত অডিট অধিদপ্তর প্রেরণ করা হয়েছে। অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম অব্যহত রয়েছে।		

১৩.	মন্ত্রণালয়ের জনবল বৃদ্ধির জন্য পদ সৃষ্টি।	পানি সম্পদ মন্ত্রণালয়ের রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ শাখার জন্য ১০টি পদ সৃজনে গত ১৬/০২/২০২১ তারিখে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে উপস্থাপনের জন্য প্রেরণ করা হয়েছে।	মন্ত্রিপরিষদ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	প্রশাসন-০ শাখা, পাসম
১৪.	বিবিধ বিষয়: (ক) করোনা ভাইরাস।	কোভিড-১৯ সংক্রমণের সম্ভাব্য দ্বিতীয় ধাপ মোকাবেলায় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে জারীকৃত পত্র মোতাবেক পানি সম্পদ মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল সংস্থাসমূহ কর্তৃক যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে।	প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রেরিত পত্রের নির্দেশনার আলোকে পাসম কর্তৃক প্রদত্ব নির্দেশনাসমূহ যথাযথভাবে পালন করতে হবে।	সকল সংস্থা ও সকল অধিশ শাখা, পাসম।
	(খ) আইসিটি	আইসিটি এর উপর হালনাগাদ তথ্য প্রেরণের বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, আইসিটি বিষয়ক সকল কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। যেমনঃ ২। মন্ত্রণালয়ের ওয়েবসাইট, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য হালনাগাদ ইত্যাদি। ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮ বাস্তবায়ন ও এর অগ্রগতি প্রতিবেদন প্রেরণ। ৪। ইন্টারনেট, নেটওয়ার্ক, সার্ভার, কম্পিউটার মেইন্টেন্যান্স ইত্যাদি কার্যক্রম চলমান রয়েছে। ৫। ইনোভেশন সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে। ৬। E-Governance এবং উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২১-২২ সালের কার্যক্রম শুরু হয়েছে। ইতোমধ্যে এ সংক্রান্ত সভা ২৬/০৮/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে।	আইসিটি বিষয়ক মন্ত্রণালয়ের সকল কার্যক্রম যথাযথভাবে চলমান রাখতে হবে।	আইসিটি শাখা এবং সকল অধিশাখা শাখা পাসম

	(গ) গৃহহীনদের গৃহ প্রদানের নিমিত্ত মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে আশ্রয়ণ প্রকল্পের জন্য ভূমি পুনরুদ্ধার।	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী পানি সম্পদ মন্ত্রণালয় আওতাধীন বাঁধের পার্শ্বের খাস জমি/অধিগ্রহণকৃত অব্যবহৃত জমি চিহ্নিত করণের নিমিত্ত জরীপ কাজ চলমান রয়েছে। খাস জমি নির্বাচনের পর সংশ্লিষ্ট জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সহযোগিতায় গৃহ নির্মাণ পূর্বক গৃহহীনদের মাঝে বিতরণের ব্যবস্থা গৃহীত হবে	পানি সম্পদ মন্ত্রণালয়ের ৬৪ জেলায় বেড়ী বাঁধের খাস জমিতে গৃহ নির্মাণপূর্বক গৃহহীনদের মাঝে বিতরণের জন্য নির্বাহী প্রকৌশলীগণ জেলা প্রশাসকগণের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	মহাপরিচা বাপাউবে
	(ঘ) বাপাউবোর একটি ডেল্টা উইং সৃজন।	সভাপ্রতি জানান, 'বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা-২১০০' বাস্তবায়নে পানি সম্পদ মন্ত্রণালয় ও এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহ প্রধান ভূমিকা পালন করছে এবং বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনার অন্তর্ভুক্ত বিনিয়োগ পরিকল্পনার সিংহভাগ বাস্তবায়নে পানি সম্পদ মন্ত্রণালয় ও আওতাধীন সংস্থাগুলো প্রধান ভূমিকা পালন করবে। ডেল্টা প্ল্যানের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য বাপাউবোতে বিশেষায়িত ডেল্টা অনুবিভাগ স্থাপন করা অতীব জরুরী । বাপাউবোতে একটি ডেল্টা উইং খোলার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	'বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা-২১০০' সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য বাপাউবোতে একটি ডেল্টা উইং খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাপরিচা বাপাউ এবং প্রশাসন- শাখা, পাসম

৩। সভাপতি সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.৩২.০৬.০৬৪.১৭.৩৯৬

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৮
০৯ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) : সমন্বয় সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ২৫ জুলাই ২০২১ তারিখের মধ্যে দাখিলের অনুরোধসহ।

১) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
২) মহাপরিচালক , বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
৩) মহাপরিচালক , পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
৪) মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট
৫) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), প্রশাসন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৬) সদস্য, সদস্য এর দপ্তর , যৌথ নদী কমিশন, বাংলাদেশ

৭) ..... (সকল অধিশাখা/শাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) উপসচিব, রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
৯) নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১০) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১১) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়
১২) ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
১৩) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

এস. এম. সরওয়ার কামাল
উপসচিব